মেহেরপুরে জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের উদ্যোগে শরবত বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের উদ্যোগে তৃষ্ণার্ত সকল শ্রেণীর মানুষের মাঝে শরবত বিতরণের আয়োজন করা হয়।

রবিবার বেলা ১১:৩০ মিনিটের সময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের সাধারণ সম্পাদক এডভোকেট খন্দকার একরামুল হীরা মেহেরপুর জেলা পরিষদের সামনে শরবত বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন ।

এসময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের সদস্য খন্দকার শামসুজ্জোহা সোহাগের নেতৃত্বে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর জেলা ইউনিটের সকল সদস্যরা উপস্থিত থেকে তৃষ্ণার্ত সকল শ্রেণীর মানুষের মাঝে শরবত বিতরণ কার্যক্রম সম্পন্ন করেন।

ঝিনাইদহে হিন্দু মহাজোটের উদ্যোগে পথচারীদের মাঝে শরবত বিতরণ

চলমান তীব্র দাবদাহে পিপাসার্ত মানুষের মাঝে (লেবু, ট্যাং, চিনি ও পুদিনা পাতা মিশ্রিত) শরবত বিতরণ করছে বাংলাদেশ হিন্দু মহাজোট ঝিনাইদহ জেলা শাখা।

শনিবার( ৪ মে) ঝিনাইদহে প্রাণ কেন্দ্রে পায়রা চত্বরে, সুইট মোড়ে, মুজিব চত্ত্বর মোড়ে এই শরবত বিতরণ করেন।

এ সময় শ্রীপাদ ত্রিভঙ্গ মুকুন্দ দাস ব্রহ্মচারী অধ্যক্ষ শ্রী শ্রী রাধা মাধব মন্দির ইসকন বলেন, ঝিনাইদহ সহ সারা দেশে টানা তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এতে জনজীবনে একধরনের অস্বস্তি বিরাজ

করছে। তাই আমরা তাদের একটু সহযোগিতায় শরবত বিতরনের উদ্যোগ নিয়েছি। তিনি আরো বলেন তীব্র গরম পরিস্থিতিতে আমাদের সবাইকে আশেপাশে শ্রমজীবী মানুষদের পাশে দাড়াতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোট ঝিনাইদহ জেলা শাখা সহ-সভাপতি স্বপন কুমার বিশ্বাস, সাধারণ সম্পাদক শ্রীমান গোপাল চন্দ্র দাস , যুগ্ন সাধারন সম্পাদক শিবেন চন্দ্র লিটন, সাংগঠনিক সম্পাদক রাজকুমার বিশ্বাস, প্রচার সম্পাদক তাপস কুণ্ডু। আরো উপস্থিত ছিলেন ইসকন ঝিনাইদহ সদস্যবৃন্দ তরুণ কুমার মুন্সি, জয়ন্ত কুমার দাস, রাজু কৃষ্ণ দাস, প্রকাশ কৃষ্ণ দাস।

দামুড়হুদার পড়শী এইডের পক্ষ থেকে শরবত বিতরণ

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদহের কারনে পথচারীদের সাময়িক স্বস্তি দিতে পড়শী এইড সামাজিক সংগঠনের পক্ষ থেকে ফ্রী লেবুর শরবত বিতরণ করেছেন।

আজ শুক্রবার বেলা ১২টা থেকে দুপুর ৪টা পর্যন্ত দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলায় এই শরবত বিতরণ করা হয়।

জানাগেছে বিগত টানা ৩ সপ্তাহ ধরে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদাহ চলছে। এরই মধ্যে গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায় ৪১. ২ ডিগ্রি সেলসিয়াস। এতো গরমে জীবন জিবিকার তাগিদে মানুষ ঘর থেকে বের হলেও তাপদহের কারনে মানুষ স্বস্তি পাচ্ছেনা। ঠিক এসময় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জয়রামপুর স্টেশন পাড়ায় অবস্থিত সামাজিক সংগঠন পড়শী এইড মানুষের সাময়িক স্বস্তি দিতে ফ্রী লেবুর শরবত বিতরণের উদ্যোগ নেন। এরই আলোকে গতকাল শুক্রবার পাখি ভ্যান চালক, ইজিবাইক চালক, বাইসাইকেল চালক, ট্রাক চালক সহ সাধারণ পথচারী ও যাত্রীদের মাঝে প্রায় ১ হাজার লিটার লেবুর শরবত ফ্রী বিতরণ করেন।

এবিষয়ে পাখি ভ্যান চালক জিয়া ইসলাম বলেন, এই প্রচন্ড রোদ গরমে

সব সময় গলা শুকিয়েই থাকছে। মন চাচ্ছেনা ঘর থেকে বের হতে। কিন্তু কাজ না করলে খাবো কি? তাই কষ্ট হলেও জীবিকার তাগিদে রাস্তায় বের হতে হচ্ছে। শুকনো গলায় ঠান্ডা লেবুর শরবত খেয়ে প্রাণটা জুড়িয়ে গেলো। এমন রোদে ফ্রী’তে লেবুর শরবত দেওয়ায় পড়শী এইড কে ধন্যবাদ জানায়।

এসময় উপস্থিত ছিলেন পড়শী এইড সামাজিক সংগঠনের সভাপতি মোঃ হানিফ আলী, সাধারণ সম্পাদক আব্দুল হালিম,সহ সাধারণ সম্পাদক রিপন আলী, প্রচার সম্পাদক আসাদুল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম,ইনতাজ,মাসুম রান্না,কৌশিক, লিখন,ইমন,সজীব, খালিদ,জুনমুন, হাবিবুর রহমান,সাইমুর রহমান,মারুফ সহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

কার্পাসডাঙ্গায় একতা পরিবারের পক্ষ থেকে তৃষ্ণার্তদের মাঝে শরবত বিতরণ

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদহের কারনে পথচারীদের সাময়িক স্বস্তি দিতে একতা পরিবারের পক্ষ থেকে ৩য় দিনের মতো ফ্রী লেবুর শরবত বিতরণ করেছেন।

আজ শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কাউন্সিল মোড়ে এই শরবত বিতরণ করা হয়। একতা পরিবারের পক্ষ থেকে লেবুর শরবত বিতরণের শুভ উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই হারুন অর রসিদ।

এসময় তিনি বলেন, প্রচুর তাপদহের কারনে মানুষের জনজীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। কঠিন তাপদহের মধ্যেও জীবন জীবিকার তাগিদে মানুষ বাইরে বের হচ্ছে। এমন সময় সাধারণ মানুষের জন্য এমন মহতী উদ্যোগ গ্রহনের জন্য একতা পরিবারকে আমি ব্যক্তিগত ভাবে ও বাংলাদেশ পুলিশের দামুড়হুদা মডেল থানার অন্তর্গত কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানায়। সেই সাথে এমন ভালো কাজ চলমান

মেহেরপুরে পথচারী ও দিনমজুরদের শরবত বিতরণ

মেহেরপুরের ওপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ। এতে অতিষ্ঠ হয়ে পড়েছে জনজীবন। এই তীব্র গরমে একটু স্বস্তি দিতে এবং হিটস্ট্রোক রোধে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ মাসুদ রানার উদ্যোগে শরবত বিতরণ করা হয়েছে।

কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনায় শনিবার (২৭ এপ্রিল) দুপুরে শহরের বিএম মডেল সরকার প্রাথমিক বিদ্যালয়ের সামনে দিনমজুর ও পথচারীদের মাঝে এ শরবত বিতরণ করা হয়।

জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ মাসুদ রানা জানান, তীব্র গরমে পথচারীদের মাঝে লেবুর শরবত বিতরণ করা হচ্ছে যা ৭ দিন পর্যন্ত চলমান থাকবে। তীব্র গরমে এক গ্লাস লেবুর শরবত পান করতে পেরে খুশি পথচারীরা।

এসময় উপস্থিত ছিলেন মারুফ সুলতান বর্ষন, মোঃ তাফসীরুল ইসলাম, মোঃ শিশির, মোঃ হালিম, মোঃ সাফি, মোঃ রাব্বি প্রমুখ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা প্রশাসনের উদ্যোগে পানি, স্যালাইন ও শরবত বিতরণ

জীবননগরে উপজেলা প্রশাসনের উদ্যোগে ঠান্ডা পানি, খাবার স্যালাইন ও শরবত বিতরণ করা হয়েছে।

আজ শনিবার বেলা ১২টার সময় জীবননগর বাসস্ট্যান্ডের উন্মুক্ত মঞ্চের সামনে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ বিভিন্ন শ্রমজীবী, পেশাজীবী ও পথচারীদের মাঝে বিশুদ্ধ পানি

খাওয়ার স্যালাইন ও লেবুর শরবত বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, সাংবাদিক মাজেদুল মিল্টন, রিপন মিয়া, প্রমূখ অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসারের সি,এ মোঃসালাউদ্দিন।